



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

স্মারক নং-২০১/ক/স্বা/০২/১২৮

তারিখ: ১১/০৬/২০১৮

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৯/০৬/২০১৮ তারিখে রাত ১০:৩০ মিনিটে বেসরকারি টিভি চ্যানেল মাছরাঙ্গায় প্রচারিত অনুসন্ধানী প্রতিবেদনে প্রতীয়মান হয় যে আপনি এবং আপনার প্রতিষ্ঠান পরীক্ষার ফলাফল পরিবর্তনে প্রতারণার আশ্রয় নিচ্ছেন অথচ পরীক্ষার ফলাফল পরিবর্তনে কারো কোন প্রকার সুযোগ নেই। এমতাবস্থায় আপনার এবং আপনার প্রতিষ্ঠানের এহেন কর্মকাণ্ডে শিক্ষা বোর্ড এবং সরকারের শিক্ষা ব্যবস্থাপনার ভাবমূর্তি দারুণভাবে ক্ষুণ্ণ হওয়ায় আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনসহ প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি কেন বাতিল করা হবে না তার উপযুক্ত ব্যাখ্যাসহ ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট জবাব দানের জন্য নির্দেশ দেয়া হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা।

অধ্যক্ষ  
মাইলস্টোন কলেজ EINN-108572  
উত্তরা, ঢাকা।